

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা

[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৪.২০১২- ৪৫৪

তারিখ: ০৬.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়: ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ আবু নোমান (কোড-১১৪৩৭১), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মিরসরাই, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৩.০৩.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৪.২০১২-২৪৭নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ আবু নোমান (কোড-১১৪৩৭১)

মেডিকেল অফিসার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

মিরসরাই, চট্টগ্রাম


(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-পশ্চিম খৈয়াছড়া, ডাকঘর-কড়তাকিয়া, উপজেলা-মিরসরাই, জেলা-চট্টগ্রাম)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৪.২০১২- ৪৫৪(১৮৪)

তারিখ: ০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, চট্টগ্রাম (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪।  সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

  
(মোঃ রেজাউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা

[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৫.২০১৩-

৪৫৫

আদেশ


তারিখঃ ০৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ মোঃ আবুল ফারেক (৩৮৫০৮), ডেপুটি সিভিল সার্জন, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিমেতে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ২০.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৫.২০১৩-৩২নং নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল ফারেক (৩৮৫০৮), ডেপুটি সিভিল সার্জন, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৫.২০১৩-

৪৫৫

তারিখঃ ০৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-২/৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ মোঃ আবুল ফারেক (৩৮৫০৮), ডেপুটি সিভিল সার্জন, সিরাজগঞ্জ



(মোঃ রেজাউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১১.২০১৪-৪৫৮

তারিখঃ ০৭.০৬.২০১৪


আদেশ

যেহেতু, ডাঃ নাহিদা বেগম (কোড-১২২৩১০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ, নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে ১৫.০৫.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১১.২০১৪-৩৭১নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৪.০৬.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ২৯.০১.২০১৪ তারিখ তিনি শারীরিকভাবে ভীষণ অসুস্থ বোধ করায় অফিসে আসতে পারেননি এবং ইহা তার উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করেন। সংশ্লিষ্ট সিভিল সার্জনও তাঁর অসুস্থতার বিষয়ে প্রত্যয়ন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাহিদা বেগম (কোড-১২২৩১০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ, নরসিংদী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাশূন্যক ভবিষ্যতে কর্মস্থলে উপস্থিতির বিষয়ে সতর্ক করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।


  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১১.২০১৪-৪৫৮(২)

তারিখঃ ০৭.০৬.২০১৪

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, নরসিংদী
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী
- ৯। ডাঃ নাহিদা বেগম (কোড-১২২৩১০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশ, নরসিংদী

  
(মোঃ রেজাউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩-৪৫৬

তারিখঃ ০৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), ইমারজেন্সি মেডিকেল অফিসার (সাময়িকভাবে বরখাস্তকৃত), সদর হাসপাতাল, লালমনিরহাট (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৬.১১.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩-৯৮৬নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়; \*

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, লালমনিরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

এক্ষণে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩-৪৫৬/১(৪৫)

তারিখঃ ০৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, রংপুর/লালমনিরহাট
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট
- ১০। ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), ইমারজেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, লালমনিরহাট

(মোঃ রেজাউল আলম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)